৫৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG. 1 0 1999
পৃষ্ঠা ৭ ... কলাম ৪

# কৃষি ভার্সিটিতে বিষাক্ত রুটি খেয়ে ৮ ছাত্র অসুস্থ

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বঙ্গবন্ধু হলের ক্যান্টিন চালুর প্রথম দিনেই রবিবার সকালে বিষাক্ত রুটি খেয়ে পেটে বিষক্রিয়া দেখা দিলে তাৎক্ষণিকভাবে ৮ ছাত্রকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রাথমিকভাবে ১৫ জনের পেটে ব্যথা শুরু হয়।

জানা গেছে, অপরিষ্কার তাওয়ায় রুটি সেঁকায় এক পর্যায়ে রুটিগুলোতে লালচে আভা দেখা দেয়। রুটি খাওয়া মাত্রই ৮ ছাত্রের পেটে ব্যথা শুরু হয়। সেই সাথে তীব্র মাথাব্যথাও দেখা দেয়।